দৈনিক বাংলা

তারিখ 2|2|৮১

পৃষ্ঠা ৫ কলাম ১

014

# নিরক্ষরতা দূর করার কর্মসূচী

দেশের উন্নতি, জাতির ভাগ্য পরিবর্তন অথবা সমাজের বিকাশ সাধন— যে কাজ করার কথাই বলা হোক বা করতে উদ্যোগ নেয়া হোক একটা শর্ত আগে পূরণ করতেই হবে। সে জনসাধারণের মধ্যে শিক্ষা ছড়িয়ে দেয়া। অজ্ঞানতা থেকে ওদের মুক্তি দেয়া। আর একাজের প্রাথমিক পদক্ষেপই নিরক্ষরতা দূর করা।

বাংলাদেশে এখন নিরক্ষরতা দূর করার কাজ চলছে। ১৯৮৫ সালের মধ্যে নিরক্ষরতা সম্পূর্ণ বিলীন হবে এমন আশা করা হচ্ছে। পরিকল্পনা সেরকম। ইতিমধ্যে নিরক্ষরতা দূর করার কাজ কোথাও কোথাও এগিয়ে গেছে। কোন কোন গ্রামে সম্পূর্ণ সাক্ষরতা অর্জিত হয়েছে বলেও খবর পাওয়া গেছে। এসবই সুখবর। তবে আমাদের এই সমাজে নিরংকুশ সুখবর দুর্লভ ব্যাপার। যত শুভ কাজের উদ্যোগই নেয়া হোক না কেন, অশুভ ছায়াগুলিও পিছু ছাড়তে চায় না। তারা আসে দুর্নীতি হয়ে, চক্রান্ত হয়ে অথবা নিছক আলস্য অভ্যাসের মধ্য দিয়ে।

শিক্ষার পরিবেশ বিশেষ সুবিধার নয়। সমাজে যতরকম অশুভ পাঁয়তারা আছে তার সবগুলিই যেন শিক্ষাঙ্গনে ঢুকে পড়বার জন্যে ঠেলাঠেলি শুরু করে দিয়েছে। এই অদ্ভুত পরিস্থিতি বিরাজ করছে বাংলাদেশের স্বাধীনতা অর্জনের অব্যবহিত পর থেকেই। তখন থেকেই শিক্ষা নিয়ে ব্যবসা, পরীক্ষা নিয়ে কারচুপি। তখন থেকেই পরীক্ষা হলে নকলের দাপট, প্রশ্নপত্র ফাঁস হওয়ার অধ্যায়। শিক্ষাঙ্গনের অবস্থা যখন এই, তখন শিক্ষাসংক্রান্ত যে কোন উদ্যোগকেই কেমন কমজোর মনে হয়।

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান নিরক্ষরতা দূর করতে প্রত্যক্ষ ভূমিকা নেবার জন্য কলেজ শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। বেসরকারী কলেজের জন্য অনুদান এবং শিক্ষকদের পদোন্নতি নির্ভর করবে স্বেচ্ছাশ্রমে নিরক্ষরতা দূর করার ব্যাপারে তাদের ভূমিকা কি হবে তার ওপর—এ মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী। শিক্ষামূলক যে কোন কর্মকান্ডেই শিক্ষকদের ভূমিকা অগ্রগণ্য হবার কথা। নিরক্ষরতা দূর করতেও। কি করে সবার মধ্যে অক্ষরজ্ঞান সহজে ছড়িয়ে দেয়া সম্ভব, অক্ষরপ্রীতি জাগিয়ে তোলা সম্ভব তা শিক্ষকরাই ভাল বুঝবেন। নিরক্ষরতা দূর করার মূল দায়িত্ব আসলে শিক্ষকদের ওপরেই বর্তায়। তাদের কাছে জনসাধারণ তাই আশা করে।

তবে শিক্ষাঙ্গনে যে জটিলতা আছে, সমস্যা আছে, তার স্পর্শ থেকে শিক্ষকরা রেহাই পাননি। নানা সমস্যায় তারা জর্জরিত। এমন সমস্যাপীড়িত হয়ে কোন দায়িত্ব হয়ত সুষ্ঠুভাবে পালন করা সম্ভব হয় না। শিক্ষাঙ্গনের বিভিন্ন অধ্যায়ে শিক্ষকদের অপারগতার বহর দেখে অন্তত তাই মনে হয়। আমাদের মনে হয়, শিক্ষাসংক্রান্ত যে কোন উদ্যোগকে সফল করে তোলার পূর্বশর্ত শিক্ষাঙ্গনকে সমস্যামুক্ত করা, শিক্ষকদের সমস্যার বোঝা থেকে অব্যাহতি দেয়া। নিরক্ষরতা দূর করার বেলাতেও এর অন্যথা হবার কথা নয়।